

M.A. PART-II EXAMINATION, 2020 (DDE)

বিষয় : বাংলা

সপ্তম পত্র

বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- ক) 'শ্রীকৃষ্ণবিজয়' নামটি ওই কাব্যটির পক্ষে কতদূর সংগত হয়েছে তা আলোচনা করুন।
- খ) কৃত্তিবাস রচিত রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি পর্যালোচনা করুন।
- গ) কৃত্তিবাস রচিত রামায়ণের অরণ্যকাণ্ডে বর্ণিত যুদ্ধকাহিনিগুলির তাৎপর্য বুঝিয়ে দিন।
- ঘ) ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যে ভক্ত ও ভগবানের সম্পর্কের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করুন।

সপ্তম পত্র (বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য) প্রথম অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- ক) অভিসার-এর পদ রচনায় বিদ্যাপতির বিশিষ্টতা আলোচনা করুন।
- খ) পূর্বরাগ-এর পদ অবলম্বনে চণ্ডীদাসের রাধার পরিচয় দিন।
- গ) জ্ঞানদাসের গৌরাঙ্গ বিষয়ক দুটি পদ আলোচনা প্রসঙ্গে কবির গৌরাঙ্গ বিষয়ক ভাবনার পরিচয় দিন।
- ঘ) জ্ঞানদাসকে চণ্ডীদাসের ভাবশিষ্য বলা যায় কী অর্থে, নিদর্শনসহ তা বুঝিয়ে দিন।

সপ্তম পত্র (বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য) দ্বিতীয় অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

বিশেষ পত্র : কথাসাহিত্য

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- ক) সমাজসংসর্গ থেকে দূরে সমুদ্রতীরে বনমধ্যে প্রতিপালিত মানবী বিবাহসংযোগে সমাজ-পরিবারে প্রবেশ করলে তার কী প্রতিক্রিয়া জাগে, ‘কপালকুণ্ডলা’ উপন্যাস যেন তারই পরীক্ষাগার। --অভিমতটি বিচার করুন।
- খ) ‘ঘরে-বাইরে’ যে রাজনৈতিক পর্ব-সময়কে আশ্রয় করে লিখিত হয়েছে, তার উল্লেখ নিখিলেশকে ঔপন্যাসিকের রাজনৈতিক ভাবনা-প্রকাশক চরিত্র বলা যায় কিনা, সে বিষয়ে আপনার অভিমত প্রকাশ করুন।
- গ) আত্মকথনরীতির দিক থেকে ‘ঘরে-বাইরে’ উপন্যাসের গঠন-কৌশল ব্যাখ্যা করুন।
- ঘ) পশ্চিমী নভেলের মডেল অপেক্ষা দেশজ কথকথার রূপ-রীতি অধিক অনুসৃত হয়েছে ত্রৈলোক্যনাথের ‘কঙ্কাবতী’-তে। --অভিমতটির সত্যাসত্য নির্ণয় করুন।

সপ্তম পত্র (বিশেষ পত্র : কথাসাহিত্য) প্রথম অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- ক) ‘পথের পাঁচালী’ উপন্যাসে তিনটি পর্বের তিনটি স্বতন্ত্র নামের মধ্যে যে-ব্যঞ্জনা নিহিত আছে, তা উপন্যাস অনুসরণে পরিস্ফুট করুন।
- খ) হিন্দির ঠাকরুনের মৃত্যু কীভাবে একটি যুগের অবসান ঘটিয়েছে, তা উপন্যাস অনুসরণে নির্দেশ করুন।
- গ) গ্রাম-শহরের টানাপোড়েন যেভাবে ‘পুতুলনাচের ইতিকথা’-কে আশ্রয় করে আছে, তা ব্যাখ্যা করুন।
- ঘ) ‘রাধা’ উপন্যাসটি ‘রাড়ের চারণকবি’ তারশংকরের কলমে রাড়-বঙ্গের সহজ চিত্র হয়ে উঠেছে। উপন্যাস অনুসরণে ওই চিত্রের পরিচয় দিন।

সপ্তম পত্র (বিশেষ পত্র : কথাসাহিত্য) দ্বিতীয় অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

বিশেষ পত্র : নাটক

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- ট্রাজেডির বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করুন।
- কাহিনি বা প্লট এবং চরিত্রের মধ্যে অ্যারিস্টটেল কোনটিকে বেশি গুরুত্ব দিয়েছেন এবং কেন?
- নাট্যাভিনয় নিয়ন্ত্রণ আইন সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা করুন।
- বাংলায় উনিশ শতকের নাট্যাভিনয়ের ইতিহাসে অভিনেত্রীদের আত্মপ্রতিষ্ঠার ইতিহাস আলোচনা করুন।

সপ্তম পত্র (বিশেষ পত্র : নাটক) প্রথম অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- সামাজিক নাটক হিসেবে 'নব-নাটক'-এর সার্থকতা বিচার করুন।
- 'নব-নাটক'-এর সংলাপ রচনায় নাট্যকার কতখানি সফল হয়েছেন তা বিচার করুন।
- 'জমীদার দর্পণ' নাটকে হায়ওয়ান আলির চরিত্রটি বিশ্লেষণ করুন।
- 'কৃষ্ণকুমারী' নাটকের কৃষ্ণকুমারী চরিত্রটিকে নাটকের নায়িকা বলা যায় কিনা তা আলোচনা করুন।

সপ্তম পত্র (বিশেষ পত্র : নাটক) দ্বিতীয় অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।